# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
কক্সবাজার পানি উন্নয়ন বিভাগ-২
বাপাউবো, বান্দরবান
ফোন ঃ ০২৩৩৭৭১০০৭৯

Office of the Executive Engineer
Cox's Bazar Water Development Division-2
BWDB, Bandarban.
Phone: 02337710079
E-mail: xenbandarbanbwdb@gmail.com

স্মারক নং-সি-১১/০৮৬৭ তারিখ: ২৪/০৬/২০২৬ খ্রি.

## "সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কক্সবাজার পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, বান্দরবান, দপ্তরের অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখঃ ২০/০৭/২০২০ খ্রি. মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন ফরম এর মূল্য পরিশোধ সাপেক্ষে প্রশাসনিক শাখা হতে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সময় পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে তালিকাভূক্তি ফরম বিতরণ/বিক্রয় এবং নবায়ন আবেদন গ্রহণ করা হবে না।

**১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির আবেদন ফরম বিতরণ/বিক্রয় ও গ্রহণের তফসিলঃ**

| ক্রমিক নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয়ের শুরুর তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভুক্তির আবেদন গহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির (কার্য ও পণ্য) | ০১/০৭/২০২৬ খ্রি. | ৩১/০৭/২০২৬ খ্রি. | ১৫/০৮/২০২৬ খ্রি. |

**২। ঠিকাদার/সরবরাহকারীর নবায়নের তফসিলঃ**

| ক্রমিক নং | নিবন্ধন বহি জমাদান আরম্ভের তারিখ | নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ | নিবন্ধন বহি নবায়ন ইস্যুর করে ফেরত প্রদান আরম্ভের তারিখ | নিবন্ধন বহি নবায়ন ইস্যুর করে ফেরত প্রদান সমাপ্তির তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির (কার্য ও পণ্য) | ৩১/০৭/২০২৬ খ্রি. | ১৫/০৮/২০২৬ খ্রি. | ৩১/০৮/২০২৬ খ্রি. |

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলী:**

| ক্র.নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ০১. | আবেদনের যোগ্যতা | (১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, (২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, (৩) ২৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি/বিবরণী, (৪) জাতীয় পরিচয়পত্র, (৫) পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি, (৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা, (৭) ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- টাকার স্টাম্পের অঙ্গিকারনামা, (৮) অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী পূরণ করতে হবে। |
| ০২. | আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাৰ কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কক্সবাজার এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| ০৩. | তালিকাভূক্তির নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫০০০ (পাঁচ হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকার পৃথক ২টি অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাৰ কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কক্সবাজার এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |
| ০৪. | নবায়ন ফি | নবায়ন ফি ২০০০ (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০ (তিনশত) টাকার পৃথক ২টি অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাৰ কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কক্সবাজার এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

৩। তালিকাভূক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে কমিটি কর্তৃক মূল্যায়নের পর নিবন্ধন বহি ইস্যু করা হবে।

৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহির শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়ন করা যাবে।

উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান।

২৪/০৬/২৬
(অপু দেব)
নির্বাহী প্রকৌশলী (চ:দা:)
আইডি নং-৯১০৮২৯০০১

চলমান পাতা-২

স্মারক নং- সি-২১/২৪৫৭/২(২০)	তারিখঃ- ২৪/০৬/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। প্রধান প্রকৌশলী,দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্রগাম।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কক্সবাজার পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কক্সবাজার।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২১৫।

০৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো পানি ভবন, লেভেল-৯ (১০ম তলা), ৭২ গ্রীন রোড়, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, পানি ভবন, লেভেল-৬ (৭ম তলা), ৭২ গ্রীণ রোড, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

০৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, বান্দরবান/পেকুয়া পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, বান্দরবান।

০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, কক্সবাজার।

০৮। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক, কক্সবাজার পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, বান্দরবান।

০৯। জনাব রূপন দাশ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, অত্র দপ্তর। তাহাকে ঠিকাদার তালিকাভূক্তি ফরম বিতরণ/বিক্রয়, নবায়ন ও আবেদনপত্র গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১০। দপ্তর নথি।

২৪/০৬/২৫

নির্বাহী প্রকৌশলী
কক্সবাজার পানি উন্নয়ন বিভাগ-২
বাপাউবো, বান্দরবান।